গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
acl.matiranga.khagrachhari.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.৪৬৭০.৪৯৮.১১.০০৩.২৩- ৬০৬ তারিখ: ২৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ১৬.০০.০০০০.০০৮.০২.০০১.১৭ (অংশ).২০৫, তারিখ- ০২ এপ্রিল ২০২২ খ্রি. পত্রের নির্দেশনা এবং ২২ মে ২০২৩ খ্রি. অনুষ্ঠিত উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:-

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ (এক) জন | ১৫,০০০/- (সর্বসাকুল্যে) | (ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>(ঘ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ (এক) জন | ১০,০০০/- (সর্বসাকুল্যে) | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(গ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। |
| ০৩ | খাদিম | ০২ (দুই) জন | ৭,৫০০/- (সর্বসাকুল্যে) | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। |

**শর্তাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। প্রার্থীকে আবেদনপত্রে নিজের নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা,শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে নির্ধারিত আবেদন পত্রে আবেদন করতে হবে।

(৩) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:-

(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩(তিন) কপি।

(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়তি কপি।

(চ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (যদি থাকে)।

৪। আবেদনপত্র সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবর আগামী ০৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি আবেদন পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। পরীক্ষার ফি বাবদ পেশ ইমাম ৫০০/-, মুয়াজ্জিন ৪০০/- এবং খাদিম ৩০০/- টাকা (অফেরতযোগ্য) সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর অনুকূলে সোনালী ব্যাংক, মাটিরাঙ্গা শাখা হতে ব্যাংক ড্রাফট্ সম্পূর্ণ করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

৭। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যেকোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। প্রার্থীকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

১২। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করবে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩/০৫/২০২৩

**(নুসরাত ফাতেমা চৌধুরী)**
সহকারী কমিশনার (ভূমি)
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২-৩৩৩৩৪৫২০১
Email: aclmatiranga@gmail.com

স্মারক নম্বর: ৩১.০২.৪৬৭০.৪৯৮.১১.০০৩.২৩- ৬০৬ | তারিখ: ২৩মে ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। মেয়র, মাটিরাঙ্গা পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। অফিসার ইনচার্জ, মাটিরাঙ্গা থানা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জনাব.............................................................................................উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। অফিস কপি।

২৩/০৫/২০২৩

**সভাপতি**
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা